

বৈশাখী মেলা ২০০৬

বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া প্রেস বিজ্ঞপ্তি

গত ২৯ এপ্রিল সিডনি অলিম্পিক পার্কে অনুষ্ঠিত হলো এবছরের বৈশাখী মেলা। আবেদনে ও ব্যাপ্তিতে, আয়োজনে ও বিপণনে এবং বৈচিত্রে ও বিনোদনে এবারের মেলাটি গত তেরো বছরের সকল পরিসংখ্যান অতিক্রম করেছে। এখনও এ মেলা সম্পর্কে শুভেচ্ছা ও অভিনন্দন বার্তা আমাদের কাছে আসছে। বাঙালির ঐতিহ্য ও সংস্কৃতি উদ্ভাসক এরকম একটি উৎসব অত্যাধুনিক ও আন্তর্জাতিক অঙ্গনে আয়োজন করতে পেরে আমরা আনন্দিত।

এ সফলতার জন্য প্রথমেই ধন্যবাদ জানাই অস্ট্রেলিয়া-প্রবাসী সকল বাঙালিকে, যারা এতে অংশগ্রহণ করেছেন সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা দিয়ে; তথ্য, মেধা বা শ্রম দিয়ে; স্বতস্কৃতভাবে বিভিন্ন পর্বে অংশগ্রহণ করে, অথবা যারা নিছক দর্শক হিসেবে উপস্থিত হয়ে উৎসাহ যুগিয়েছেন। ধন্যবাদ জানাই সকল মিডিয়া, সাংবাদিক, লেখক ও সুধীজনকে যাঁদের প্রচার, সহযোগিতা ও পরামর্শ আমাদের সফলতাকে নিশ্চিত করেছে।

একথা অনস্বীকার্য যে, এ বিশাল আয়োজনকে সর্বাঙ্গীনভাবে সফল করার জন্য যে লোকবল, আর্থিক-সাংগঠনিক-সামাজিক সহযোগিতা ও সামর্থ্য দরকার বঙ্গবন্ধু পরিষদের জন্য কিংবা সিডনির বাঙালি কমিউনিটিতে তা এখনও অপ্রাপ্তব্য। এ সকল কারণে এবং সামান্য কয়েক সপ্তাহের প্রস্তুতিতে সম্পন্ন এ আয়োজনে কিছু ত্রুটি-বিচ্যুতি থাকা অনাকাঙ্ক্ষিত হলেও অস্বাভাবিক ছিল না। এজন্য আমরা দুঃখিত। তবে বিরাজমান বাস্তবতার নিরীখে আশা করি সকলেই বিষয়টি উপলব্ধি করতে সক্ষম হবেন। উল্লেখ নিষ্প্রয়োজন যে, আমরা এসকল ব্যাপারে অত্যন্ত সংবেদনশীল এবং ভবিষ্যতে পার্কিংসহ অন্যান্য বিষয়ে যথাযথ ব্যবস্থা নেয়া নিশ্চিত করেছি।

আমরা আশা করি, আগামী বছরগুলোতেও সকলের সাহায্য, সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা অব্যাহত থেকে প্রবাসে বর্ষবরণের এ বর্ণিল দিনটিকে আরও সুন্দর, বৈচিত্রময় ও উপভোগ্য করবে, এবং বাঙালির ঐতিহ্য, কীর্তি ও পরিচয়কে বিশ্বসভায় পৌঁছে দিতে আমাদেরকে উৎসাহ ও শক্তি যোগাবে।

ধন্যবাদসহ

ড. আব্দুর রাজ্জাক, সভাপতি

ড. এজাজ আল মামুন, সাধারণ সম্পাদক

২২ মে ২০০৬